



COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A./B.Sc./B.Com. Honours 2nd Semester Examinations, 2022

BENGALI

বাংলা ভাষা, উচ্চারণ, বানান, অর্থবোধের চর্চা

AECC (MIL)

সময়: ২ ঘণ্টা

পূর্ণমান: ৪০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। নিম্নলিখিত যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও:

১×১০ = ১০

- (ক) হলন্ত ধ্বনি কাকে বলে ?
- (খ) 'বর্ণপরিচয়'-এর দ্বিতীয় ভাগের বিজ্ঞাপন অংশে এই গ্রন্থের উদ্দেশ্য হিসেবে এক কথায় বিদ্যাসাগর কী বলেছেন ?
- (গ) 'ল' ফলা যোগে দুটি শব্দ লেখো।
- (ঘ) 'সহজপাঠ' গ্রন্থের দ্বিতীয় ভাগের দশম পাঠে কোন্ অক্ষ ব্যক্তির কথা বলা হয়েছে ?
- (ঙ) হরি মুদি কী কী বিক্রি করেন ?
- (চ) কাংলার বুড়িতে কী ছিল ?
- (ছ) উদ্ধব মণ্ডলের কন্যার নাম কী ?
- (জ) রাম কী হাতে করে ফুল পাড়ে ?
- (ঝ) সহজপাঠে বর্ণিত হ ক্ষ দিয়ে ছড়াটি উল্লেখ করো।
- (ঞ) মধু কী নিয়ে গলিতে হেঁকে যায় ?
- (ট) সমুচ্চরী অব্যয়ের একটি দৃষ্টান্ত দাও।
- (ঠ) 'সু' উপসর্গযোগে দুটি শব্দ লেখো।
- (ড) 'ভূতের মতন চেহারা যেমন' — বাক্যটিতে অনুসর্গ কোন্টি ?
- (ঢ) 'ইত্যাদি' শব্দটির সন্ধিবিচ্ছেদ করো।
- (ণ) 'জলধৌত বালি চকচক করছে' - এই বাক্যের 'জলধৌত' শব্দটিতে কোন্ কারকে কী বিভক্তি হয়েছে ?

২। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও:

৫×১ = ৫

- (ক) 'বর্ণপরিচয়' গ্রন্থে বর্ণিত যাদব নামক বালকটির স্বভাব কেমন ছিল তা আলোচনা করো।

(খ) 'সহজপাঠ' গ্রন্থের প্রথম ভাগের দ্বিতীয় পাঠে বর্ণিত বিষয়বস্তু নিজের ভাষায় লেখো।

(গ) সর্বনাম কাকে বলে? দৃষ্টান্ত সহযোগে বুঝিয়ে দাও।

৩। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ

১০×১ = ১০

(ক) 'বর্ণপরিচয়'-এর দ্বিতীয় ভাগের কোন্ পাঠে 'চুরি করা কদাচ উচিত নয়' গল্পটি আছে? এই গল্পটি নিজের ভাষায় বর্ণনা করো।

(খ) 'সহজপাঠ' গ্রন্থের পঞ্চম পাঠে একটি বালক তার মায়ের কাছে নিজের যে ইচ্ছে ও স্বপ্নের কথা বলেছে তার বর্ণনা দাও।

(গ) উপসর্গ ও অনুসর্গ কাকে বলে? দৃষ্টান্তসহ উভয়ের পার্থক্য আলোচনা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ

১৫×১ = ১৫

(ক) বিদ্যাসাগরের 'বর্ণপরিচয়' অবলম্বনে নৈতিক শিক্ষা বিষয়ক একটি নিবন্ধ রচনা করো।

(খ) 'সহজপাঠ' গ্রন্থে রবীন্দ্রনাথ বর্ষা, নদী ও গ্রামের যে পরিচয় তুলে ধরেছেন তা নিজের ভাষায় লেখো।

(গ) কারক কাকে বলে? দৃষ্টান্তসহ কারকের শ্রেণীবিভাগগুলি আলোচনা করো।

—x—